গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd;যুউঅ.বাংলা

২০২১-২০২২ অর্থববছরে যুব উন্নয়ন অধিদপ্তরে অনুষ্ঠিত ইনোভেশন টিমের ১ম সভা এবং সহিজীকৃত ও ডিজিটালাইজডকৃত সেবার পর্যালোচনার সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মাসুদা আকন্দ
পরিচালক(দা. বি. ও ঋণ) ও ইনোভেশন অফিসার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

স্থান : পরিচালকের অফিস কক্ষ।

তারিখ ও সময় : ২৫ আগস্ট ২০২১খ্রিঃ; সকাল ১১.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট "ক" তে দেখানো হয়েছে।

সভাপতি উপস্থিত সকল সম্মানিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় অধিদপ্তরের উদ্ভাবনী টিমের নির্ধারিত আলোচনা উপস্থাপনের জন্য সদস্য-সচিবকে আহ্বান জানান। সভার আলোচ্য বিষয়, আলোচনা এবং গৃহীত সিদ্ধান্ত নিম্নে বর্ণনা করা হলোঃ

নং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত/সুপারিশ	বাস্তবায়ন
১.	ইনোভেশন টিমের মাসিক সভার জন্য তারিখ নির্ধারণ	ইনোভেশন টিমের সদস্যগণ অধিদপ্তরের ইনোভেশন টিমের মাসিক সভার জন্য তারিখ নির্ধারণের অনুরোধ জানালে সভায় এ বিষয়ে আলোচনা হয়। আলোচনায় বলা অধিদপ্তরের মাসিক সমন্বয় সভার পূর্বে একটি নির্ধারিত বার-কে সভার তারিখ হিসাবে নির্ধারণ করা।	মাসের দ্বিতীয় সোমবার ইনোভেশন টিমের মাসিক সভার তারিখ নির্ধারণ করা হলো।	ইনোভেশন টিম
২.	চলতি অর্থবছরের জন্য উদ্ভাবনী ধারণা	অধিদপ্তরের কাজে গতি আনয়ন এবং কাজের মধ্যে নতুনত্ব সৃষ্টির জন্য নতুন নতুন উদ্ভাবন ধারণা সৃষ্টি করে বাস্তবায়ন করতে হবে বলে সভায় মতামত প্রকাশ করা হয়।	ক. মাঠ পর্যায়ে এবং অধিদপ্তরের সকল শাখাকে উদ্ভাবনী ধারণা প্রেরণের জন্য পত্র দিতে হবে। খ. প্রাপ্ত ইনোভেশন ধারাণা বাছাই-এর জন্য নিম্নবর্ণিত কর্মদের সমন্বয়ে ইনোভেশন ধারণা বাছাই কমিটি গঠন করা হলো- (১) জনাব মোঃ হামিদুর রহমান, উপপরিচালক (বাস্তঃ) -------- আহ্বায়ক (২) জনাব মোঃ আতিকুর রহমান, উপপরিচালক(দা.বি. ও ঋণ) ---------সদস্য (৩) জনাব ফাতেমা বেগম, সহকারী পরিচালক(প্রশাঃ) -------- সদস্য (৪) জনাব মোঃ যাকারিয়া জামিল, সহকারী পরিচালক(প্রশিঃ) ------- সদস্য	ইনোভেশন টিম

নং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত/সুপারিশ	বাস্তবায়ন
৩.	সেবা সহজীকরণ/সেবা ডিজিটালাইজেশন	অধিদপ্তরের সেবাসমূহকে সময়ের সাথে হালনাগাদ করার জন্য সরকারের নির্ধারিত গাইড লাইন অনুসারে সেবা সহজীকরণ/সেবা ডিজিটালাইজেশন করার উপর সভায় গুরত্ব আরোপ করা হয় এবং এ সংক্রান্ত একটি কমিটি গঠনের জন্য সভায় আলোচনা হয় এবং সর্বসম্মতিক্রমে কমিটি গঠনের সিদ্ধান্ত হয়।	ক. কমিটিঃ (১) জনাব এ কে এম মফিজুল ইসলাম, উপপরিচালক(দা. বি. ও ঋণ) -- টিম লিডার (২) জনাব মোঃ হামিদুর রহমান, উপপরিচালক(বাস্তবান) -------- সদস্য (৩) জনাব ফরহাত নুর, উপপরিচালক(প্রশিক্ষণ) -------- সদস্য (৪) জনাব মোঃ সেলিমুল ইসলাম, উপপরিচালক(পরিকল্পনা) ------ সদস্য (৫) ৩) জনাব ফাতেমা বেগম, সহকারী পরিচালক(প্রশাসন)---- সদস্য (৬) জনাব মোঃ সালেহ্ উদ্দিন আহমেদ, সহকারী পরিচালক(আইসিটি----- সদস্য (৭) জনাব মোঃ ফজলুল হক, সহকারী পরিচালক(অর্থ)--------- সদস্য (৮) জনাব মোঃ যাকারিয়া জামিল, সহকারী পরিচালক(প্রশিক্ষণ------ সদস্য (৯) জনাব মোঃ জিয়াউর রহমান, প্রশিক্ষক)(সংযুক্ত আইসিটি সেল)-- সদস্য খ. কমিটি আগামী ইনোভেশন টিমের সভায় মাঠ পর্যায়ে কি কি সেবা সহজীকরণ করা হয়েছে তার অগ্রগতি জানাবে।	ইনোভেশন টিম
৪.	উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২০২২ প্রণয়ন	যথাসময়ে ২০২১-২২ অর্থবছরের উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। মাঠ পর্যায়ে অফিসে বাস্তবায়নের জন্য এবং অধিদপ্তরে বাস্তবায়নের জন্য কর্মপরিকল্পনা, এর সূচক, সূচকের মান এবং কর্মপরিকল্পনা বাস্তবায়নের সময় নিয়ে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২১-২২ সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	ক. প্রণীত কর্মপরিকল্পনা মোতাবেক কার্যক্রমসূহ যথাসময়ে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। খ. সংশ্লিষ্ট সকলকে ইনোভেশন কার্যক্রম বাস্তবায়নে আন্তরিক হতে অনুরোধ করা হয়। গ. কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত কেন্দ্রীয় মানব সম্পদ উন্নয়ন কেন্দ্রে একটি প্রশিক্ষণের আয়োজন করতে হবে। ঘ. ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২১-২২-এর কপি সকল সদস্যকে সরবরাহ করতে হবে	সদস্য সচিব

৫.	ই-নথির ব্যবহার	সরকারী সেবা কার্যক্রমকে ডিজিটালাইজড করার জন্য প্রতিটি দপ্তর/সংস্থার ই-নথি ব্যবহার বাধ্যতামূলক করা হলেও লক্ষ্য করা যাচ্ছে যে, সম্প্রতি যুব উন্নয়ন অধিদপ্তর ই-নথির ব্যবহারে পিছিয়ে পড়েছে। ই-নথির ব্যবহার জোরদারকরণের বিষয়ে সভায় আলোচনা করা হয়।	ইনোভেশন টিমের পক্ষ থেকে সকল শাখাকে ই-নথির ব্যবহার নিশ্চিত করার অনুরোধ জানিয়ে পত্র দিতে হবে।	সদস্য সচিব
৬.	৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলা	সভায় আলোচনা হয় যে, ৪র্থ শিল্প বিপ্লবের সাথে খাপ খাওয়াতে হলে যুব উন্নয়ন অধিদপ্তরকে তার সাথে সংগতি রেখে কার্যক্রম গ্রহণ করতে হবে।	ক. ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় একটি অবহিতকরণ সভা করতে হবে। যিনি এ বিষয়ে প্রাজ্ঞ তাকে নিয়ে সভাটি করতে হবে; খ. অবহিতকরণ সভার জন্য বাজেট প্রনয়ণ করতে হবে।	
৭.	তথ্য বাতায়ন হালনাগাদকরণ	তথ্য বাতায়ন হালনাগাদ করার জন্য সকল শাখার হালনাগাদ তথ্য আইসিটি শাখায় প্রেরণ করা বিষয়ে সভায় আলোচনা হয়।	যে সকল শাখার তথ্য এখনও হালনাগাদ হয়নি তাদের তথ্য অতিসত্বর আইসিটি শাখায় প্রেরণ করতে হবে।	সদস্য সচিব

অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

২৫/৮/২০২১
(মাসুদা আকন্দ)
পরিচালক(দাঃ বিঃ ও ঋণ)
ও
ইনোভেশন অফিসার
ফোনঃ ৯৫৬১৩৫৩
e-mail: dirpa@dyd.gov.bd

স্মারক নং-৩৪.০১.০০০০.০০৮.৩১.০৬১.১৯- ০১ তারিখঃ ২৫/০৮/২০২১খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

০১। অতিরিক্ত সচিব (প্রশাসন) ও চীফ ইনোভেশন অফিসার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।(সকল)

০৩। জনাব-- সদস্য, ইনোভেশন টিম, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

০৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

০৫। সংশ্লিষ্ট নথি।

২৫/০৮/২১
(মোঃ শাহীনূর রহমান)
উপপরিচালক(দা.বি. ও ঋণ) ও
সদস্য-সচিব
ইনোভেশন টিম
ফোনঃ ৯৫১৫০১৯
e-mail: ddpa1@dyd.gov.bd

পরিশিষ্ট "ক"

২৫/০৮/২০২১খ্রিঃ তারিখ অনুষ্ঠিত ইনোভেশন টিমের সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের তালিকা (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

ক্রমিক নং	নাম ও পদবী	স্বাক্ষর
১.	জনাব এ,কে,এম মফিজুল ইসলাম উপপরিচালক (দাঃবিঃ ও ঋণ)	স্বাক্ষরিত
২.	জনাব মোঃ আতিকুর রহমান উপপরিচালক (দাঃবিঃ ও ঋণ)	স্বাক্ষরিত
৩.	জনাব ফাতেমা বেগম সহকারীপরিচালক(প্রশাসন)	স্বাক্ষরিত
৪.	মোঃ হামিদুর রহমান উপপরিচালক(বাস্তবায়ন)	স্বাক্ষরিত
৫.	জনাব মোঃ ফজলুল হক সহকারি পরিচালক (অর্থ ও অডিট)	স্বাক্ষরিত
৬.	জনাব শাহীনূর রহমান উপপরিচালক (দাঃবিঃও ঋণ)	স্বাক্ষরিত
৭.	জনাব মোঃ জিয়াউর রহমান প্রশিক্ষক (ইলেকট্রনিক্স)	স্বাক্ষরিত
৮.	জনাব মোঃ ফরহাত নুর উপপরিচালক(প্রশিক্ষণ)	স্বাক্ষরিত
৯.	মোঃ জাকারিয়া জামিল সহকারী পরিচালক(প্রশিক্ষণ)	স্বাক্ষরিত
১০.	জনাব সালেহ্ উদ্দিন আহমেদ সহকারি পরিচালক (আইসিটি)	স্বাক্ষরিত